

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

সম্প্রসারণ-১ শাখা

www.moa.gov.bd

নং-১২.০৫২.০২৭.০০.০০.০০৬.২০১০.৭৪১

তারিখ : ১৪ আগস্ট ২০১৬।

সংশোধিত প্রজ্ঞাপন

যেহেতু, কৃষি মন্ত্রণালয়ের ০৭-০৫-২০০৫ খ্রিঃ তারিখের কৃম/শা-১/সঃ-১১১/২০০২/৮৩১ সংখ্যক প্রজ্ঞাপনমূলে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা জনাব মোঃ আব্দুর রউফ (গ্রেডেশন/পরিচিতি নং-২৫০), প্রাক্তন উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুড়িগ্রাম ও প্রাক্তন উপ-পরিচালক (এল,আর), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কে ২০০০-২০০১ অর্থবছরে এএসআইআরপি খাতে বরাদ্দকৃত সরকারী অর্থ অনিয়মতান্ত্রিকভাবে ব্যয় করার অভিযোগে রঞ্জুকৃত বিভাগীয় মামলায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ এর বিধি ৩ (বি) অনুযায়ী অসদাচরণের অপরাধে উক্ত বিধিমালার ৪ (৩) (সি) বিধি অনুযায়ী “সরকারী চাকুরী হইতে অপসারণ” দণ্ড প্রদান করা হয়;

যেহেতু, উক্ত দণ্ডদেশের বিরুদ্ধে তিনি প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় এটি মামলা নং-১৬১/২০০৫ দায়ের করলে তার বিপক্ষে বিগত ০৭/০৮/২০০৮ তারিখে বিনা খরচায় মামলাটি খারিজ হয়;

যেহেতু, তিনি বর্ণিত এটি মামলা নং-১৬১/২০০৫ এর ০৭-০৮-২০০৮ তারিখের আদেশের বিরুদ্ধে প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে এটি মামলা নং-১২৮/২০০৮ দায়ের করলে বিগত ০১/০৬/২০১০ তারিখে প্রশাসনিক ট্রাইব্যুনালের আদেশটি সংশোধনক্রমে আপীলটি আংশিক মঞ্জুর করা হয় এবং আপীলকারীকে সকল প্রকার আর্থিক সুবিধাদি প্রদানের শর্তে বিগত ০৭/০৫/২০০৫ তারিখ থেকে বাধ্যতামূলক অবসর প্রদানের আদেশ দেওয়া হয়। এটি মামলা নং-১২৮/২০০৮ এর ০১/০৬/২০১০ তারিখের আদেশের বিরুদ্ধে সরকার মহামান্য আপীল বিভাগে সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-১৯৭১/২০১০ দায়ের করলে বিগত ০৯/০৩/২০১৫ তারিখে তা খারিজ হয়;

যেহেতু, জনাব মোঃ আব্দুর রউফ বিগত ১৬/১১/২০১০ তারিখে মৃত্যুবরণ করায় প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালের রায় অনুযায়ী স্ত্রী/বৈধ ওয়ারিশগণ বরাবর পারিবারিক পেনশন ও অন্যান্য আর্থিক সুবিধাদি বিধি মোতাবেক প্রদান করতে আইনগত বাধা নেই মর্মে আইন ও বিচার বিভাগ হতে জানানো হয়েছে;

সেহেতু, কৃষি মন্ত্রণালয়ের ০৭/০৫/২০০৫ তারিখের কৃম/শা-১/সঃ-১১১/২০০২/৮৩১ সংখ্যক প্রজ্ঞাপনমূলে জনাব মোঃ আব্দুর রউফ (গ্রেডেশন/পরিচিতি নং-২৫০), প্রাক্তন উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুড়িগ্রাম ও প্রাক্তন উপ-পরিচালক (এলআর), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-কে “চাকুরী থেকে অপসারণ” দণ্ডদেশটি আংশিক সংশোধনপূর্বক বিজ্ঞ আদালতের নির্দেশমতে ০৭/০৫/২০০৫ তারিখ থেকে ‘বাধ্যতামূলক অবসর’ দণ্ড প্রদানপূর্বক সংশোধিত আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোহাম্মদ মঈনুদ্দীন আবদুল্লাহ)


সচিব

নং-১২.০৫২.০২৭.০০.০০.০০৬.২০১০.৭৪১

তারিখ : ১৪ আগস্ট ২০১৬।

অনুলিপি- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর অঞ্চল, রংপুর।
৪. উপ-সচিব, সম্প্রসারণ-২ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুড়িগ্রাম।
৮. প্রধান হিসাব রক্ষণ অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৯. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুড়িগ্রাম।
১০. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (সরকারী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১. জনাব মোঃ আব্দুর রউফ (হোডেশন/পরিচিতি নং-২৫০), প্রাক্তন উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুড়িগ্রাম ও প্রাক্তন উপ-পরিচালক (এলআর), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (পক্ষে-মোছাঃ জেবুলেছা রউফ, চাটমোহর, পাবনা)।
১২. প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৩. অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।
১৪. যুগ্ম-সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।



(মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী)

উপ-সচিব

ফোন : ৯৫৫৮৮৫৩